২১

দৈনিক বাংলা

তারিখ ... 23 MAY 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮

১৫

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার রুটিন

প্রাকৃতিক দুর্যোগের প্রেক্ষিতে ঢাকা বোর্ডের ১৯৯১ ইং সনের উচ্চ মাধ্যমিক পরীক্ষার তারিখ পিছিয়ে দেওয়া হয়েছে। কিন্তু পরীক্ষার রুটিন অপরিবর্তিত আছে। এই রুটিনে বিভিন্ন বিষয়ের পরীক্ষার মধ্যে কোন বিরতি দেয়া হয়নি। রাত জেগে পড়ে ইংরেজী দুই বিষয় পরীক্ষায় অংশগ্রহণ করার পরের দিনই আবার অর্থনীতি ও ভূগোল বিষয়ে পরীক্ষা দিতে হবে। এ অবস্থার ক্লান্তি ও অবসাদের কারণে এবং বিরতির অভাবে পরীক্ষার সব অধ্যায় পুনরায় পাঠ করা কঠিন হয়ে পড়বে। ফলে পরীক্ষার্থীরা আশানুরূপ ফলাফল থেকে বঞ্চিত হতে পারে। অতএব পরীক্ষার্থীদের সুবিধার্থে পরীক্ষার রুটিন পুনঃ বিবেচনা করে প্রতি বিষয়ে বিরতি দেয়ার জন্য ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সুদৃষ্টি আকর্ষণ করছি।

—ফাতেমা শিরীন,
শাকিলা আনজুমান,
সাজিয়া খান চৌধুরী,
উচ্চ মাধ্যমিক কলা বিভাগ
হলিক্রস কলেজ, ঢাকা